গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সেবা শাখা
www.shed.gov.bd

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬২.১২.০৩.২০১৪-এ-১৩৬

তারিখ: ৩০ চৈত্র ১৪২৭ / ১৩ এপ্রিল ২০২১

বিষয়: সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) সংক্রান্ত ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন (জানুয়ারি-মার্চ ২০২১)_ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ ও সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ প্রণয়নের লক্ষ্যে ১১ এপ্রিল, ২০২১ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ।

সূত্র : ১. মন্ত্রিপরিষদ বিভাগ, সুশাসন শাখার নং- ০৪.০০.০০০০.৮১১.৫৫.০০৩.১৮.১৫, তারিখ: ২৬-০১-২০২১।
২. এ বিভাগের এপিএ শাখার নং-৩৭.০০.০০০০.০৭৫.০১.০০৪.২০-৭০, তারিখ ০৪-০৪-২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ-এর সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) সংক্রান্ত ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ ও সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ প্রণয়ন বিষয়ে ১১/০৪/২০ তারিখে সিটিজেনস চার্টার সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির আহ্বায়ক ও অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয়ের সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়। উল্লেখ্য, উক্ত সভায় এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) **জানুয়ারি ২০২১ হতে মার্চ ২০২১ সময়ের** ত্রৈমাসিক পরিবীক্ষণ করা হয় এবং সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

২.০ এমতাবস্থায়, মন্ত্রিপরিষদ বিভাগের পত্রের আলোকে ১১/০৪/২০২১ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী (জানুয়ারি ২০২১ থেকে মার্চ ২০২১ সময়ের ত্রৈমাসিক পরিবীক্ষণ) নির্দেশক্রমে এতদসংঙ্গে প্রেরণ করা হলো।
সংযুক্তি : বর্ণনা মোতাবেক।

১৩/০৪/২০২১
(মো: শামসুল আলম)
সিনিয়র সহকারী সচিব
ফোন- ৯৫৫৮৫৫১
as.admin2@moedu.gov.bd

সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ।
(দৃষ্টি আকর্ষণ: জনাব মো: নাজমুল ইসলাম, সিনিয়র সহকারী সচিব, সুশাসন শাখা)।

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬২.১২.০৩.২০১৪-এ-১৩৬

তারিখ: ৩০ চৈত্র ১৪২৭ / ১৩ এপ্রিল ২০২১

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে):
১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩। সিনিয়র সহকারী সচিব (বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা (কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। অফিস কপি।

১৩/০৪/২০২১
(মো: শামসুল আলম)
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সেবা শাখা
www.shed.gov.bd

বিষয়: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) সংক্রান্ত ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ ও সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ প্রণয়নের লক্ষ্যে ১১ এপ্রিল, ২০২১ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মো: হাসানুল ইসলাম এনডিসি, অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ। |
| সভার তারিখ ও সময় | : ১১/০৪/২০২১ খ্রিস্টাব্দ, সকাল ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | : ভবন নং -৬, কক্ষ নং-১৭০৯, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |
| উপস্থিতি | : সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-ক দ্রষ্টব্য। |

২.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে বর্তমান সিটিজেনস চার্টার হালনাগাদকরণ এবং এতদসংক্রান্ত ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ ও সেবা প্রদান প্রতিশ্রুতি ২০২১-২০২২ বাস্তবায়ন বিষয়ে বক্তব্য প্রদানের জন্য আহ্বান জানান।

৩.০ সভায় জানানো হয়, বিগত ০২ মার্চ ২০২১ তারিখে এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) সংক্রান্ত ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ বিষয়ে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন প্রতিবেদন নিম্নরূপ:

| নং | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ৬.১ | মন্ত্রিপরিষদ বিভাগের পত্রের আলোকে ২০/১০/২০২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী **(জুলাই/২০২০ হতে সেপ্টেম্বর/২০২০ সময়ের** ত্রৈমাসিক পরিবীক্ষণ) এবং ২৮/১২/২০২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী **(অক্টোবর ২০২০ হতে ডিসেম্বর ২০২০ সময়ের** ত্রৈমাসিক পরিবীক্ষণ) প্রতিবেদন হিসেবে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে। | সিদ্ধান্ত বাস্তবায়িত। মন্ত্রিপরিষদ বিভাগে বর্ণিত প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬২. ১২.০৩. ২০১৪-এ১১৭, তারিখ ০৩ মার্চ, ২০২১। |
| ৬.২ | ইতোমধ্যে যেসব কর্মকর্তা বদলি হয়ে অন্যত্র চলে গেছেন, তদস্থলে যোগদানকৃত কর্মকর্তার নাম অন্তর্ভুক্ত করে হালনাগাদকৃত সিটিজেনস চার্টার এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করা হবে। | সিদ্ধান্ত বাস্তবায়িত। হালনাগাদকৃত সিটিজেনস চার্টার এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে ১১ মার্চ, ২০২১ তারিখে। |

চলমান পাতা-০২

৪.০ সভায় জানানো হয়, এ বিভাগের বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা থেকে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ প্রণয়নের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের একটি ছক প্রেরণ করা হয়েছে। উক্ত ছকে নিম্নরূপ বিষয়সমূহ উল্লেখ আছে :

১. প্রাতিষ্ঠানিক : ১.১ সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন এবং ১.২ সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ।

২. সক্ষমতা অর্জন : ২.১ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন এবং ২.২ সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন।

৫.০ সভায় বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা থেকে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ প্রণয়নের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

৫.১ সভায় আলোচনা ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

| নং | কার্যক্রমের ক্ষেত্র | কার্যক্রম | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|
| ক | প্রাতিষ্ঠানিক | ১.১ সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন | সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়ন করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় ও একমত পোষণ করা হয়। | সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়ন করা হবে এবং বাস্তবায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা। |
| | | ১.২ সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ। | সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। প্রতি তিনমাস অন্তর সিটিজেনস চার্টার হালনাগাদ করে তা ওয়েবসাইটে প্রকাশের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। | প্রতি তিনমাস অন্তর সিটিজেনস চার্টার হালনাগাদ করে তা ওয়েবসাইটে প্রকাশ করা হবে এবং তা মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করা হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা। |
| খ | সক্ষমতা অর্জন | ২.১ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভায় জানানো হয়, এ বিভাগের প্রশিক্ষণ শাখা থেকে যাবতীয় প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করা হয়ে থাকে। প্রশিক্ষণ শাখা ২০২১-২০২২-এ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ৪টি প্রশিক্ষণ আয়োজন করে প্রশিক্ষণ আদেশ, আলোচ্যসূচি, প্রশিক্ষণার্থীদের তালিকা ও হাজিরা শিট মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের লক্ষ্যে এ বিভাগের এপিএ শাখায় প্রেরণ করতে পারে মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। | এ বিভাগের প্রশিক্ষণ শাখা ২০২১-২০২২-এ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ৪টি প্রশিক্ষণ আয়োজন করত: উক্ত প্রশিক্ষণ আদেশ, আলোচ্যসূচি, প্রশিক্ষণার্থীদের তালিকা ও হাজিরা শিট মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের লক্ষ্যে এ বিভাগের এপিএ শাখায় প্রেরণ করবে। | প্রশিক্ষণ শাখা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ। |

চলমান পাতা-০৩

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | ২.২ সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন। | সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজনের বিষয়টি সভায় বিস্তারিতভাবে আলোচনা করা হয়। ২০২১-২০২২-এ সেবা শাখা এতদসংক্রান্ত দুটি সভা আয়োজন করতে পারে এবং সভায় উপসচিব (প্রশাসন) মহোদয় সভাপতিত্ব করতে পারেন মর্মে সভায় একমত পোষণ করা হয়। | ২০২১-২০২২-এ সেবা প্রদান বিষয়ে সেবা শাখা স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করবে এবং সভায় উপসচিব (প্রশাসন) মহোদয় সভাপতিত্ব করবেন। | উপসচিব (প্রশাসন) ও সেবা শাখা। |

৫.২ ১১ মার্চ ২০২১ তারিখে সর্বশেষ হালনাগাদকৃত সিটিজেনস চার্টার, যা এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে, তা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ এবং জানুয়ারি ২০২১ হতে মার্চ ২০২১ সময়ের ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন এবং সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন হিসেবে ১১ এপ্রিল ২০২১ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে।

৬.০ আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**স্বাক্ষরিত-**
**১২/০৪/২০২১**
মো: হাসানুল ইসলাম এনডিসি
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)
এবং
আহ্বায়ক ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সেবা প্রদান প্রতিশ্রুতিকার্যক্রম(স চার্টারসিটিজেন্)।

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬২.১২.০৩.২০১৪-এ ১৩৫ তারিখ: ২৯ চৈত্র ১৪২৭ / ১২ এপ্রিল ২০২১

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে):

১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। উপসচিব (প্রশাসন অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। উপসচিব ( প্রশাসন ও সংস্থাপন শাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। সিনিয়র সিস্টেম এনালিষ্ট (এ বিভাগের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬। সিনিয়র সহকারী সচিব (বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

চলমান পাতা-০৪

৭। সিনিয়র সহকারী সচিব, সুশাসন শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
৮। সিনিয়র সহকারী সচিব (সেবা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৯। প্রোগ্রামার,আইসিটি সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

১২/০৪/২০২১

(মো: শামসুল আলম)
সিনিয়র সহকারী সচিব (সেবা)
ফোন- ৯৫৫৮৫৫১
as.admin2@moedu.gov.bd